নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম খাইবারের দিন মুতা‘ বিবাহ ও গৃহপালিত গাধার গোস্ত খেতে নিষেধ করেছেন।

আলী ইবন আবূ তালিব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম খাইবারের দিন মুতা‘ বিবাহ ও গৃহপালিত গাধার গোস্ত খেতে নিষেধ করেছেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

শরী‘আতের মূল লক্ষ্য হলো বিবাহ বন্ধন দ্বারা দুজনকে একত্রিকরণ, স্থায়ীকরণ, ভালোবাসা সৃষ্টি ও পরিবার গঠন। তাই শরী‘আতের লক্ষ্য পরিপন্থী কতিপয় বিবাহকে হারাম করা হয়েছে। এ কারণে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম খাইবারের বিজয়ের দিন মুতা‘ বিবাহ হারাম করেছেন। আর মুতা‘ বিাবহ হলো কোন ব্যক্তির নির্দিষ্ট কিছু দিনের জন্য কোন নারীকে বিবাহ করা। এ ধরণের বিাবহ ইসলামের প্রাথমিক যুগে বিশেষ প্রয়োজনে বৈধ ছিলো। এমনিভাবে তিনি মালিকানাধীন গাধার গোস্ত খেতে নিষেধ করেছেন। অর্থাৎ যেসব গাধার মালিক রয়েছে, যাদের কাছে গাধা ফিরে যাবে এবং তারাও নিজেদের গাধার কাছে ফিরে আসবে, যেগুলো বন্য গাধা নয়, এ ধরণের গাধার গোস্ত ভক্ষণ করতে নিষেধ করেছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5922